29. কোন্ গ্রহ খুবই ঠান্ডা ও বিষাক্ত মিথেন গ্যাসে ভরতি—
(ক) ইউরেনাস (খ) নেপচুন
(গ) শনি (ঘ) চন্দ্র
(খ) নেপচুন
নেপচুন গ্রহ খুবই ঠান্ডা ও বিষাক্ত মিথেন গ্যাসে ভরতি।

30. বৃহস্পতির উপগ্রহ হল—
(ক) ডিমোস (খ) টাইটান
(গ) গ্যানিমিড (ঘ) অ্যামাইড
(খ) গ্যানিমিড
বৃহস্পতির উপগ্রহ হল গ্যানিমিড।

31. পৃথিবীর গড় ব্যাসার্ধ—
(ক) 6371 কিমি (খ) 5371 কিমি
(গ) 6300 কিমি (ঘ) 5869 কিমি
(ক) 6371 কিমি
পৃথিবীর গড় ব্যাসার্ধ 6371 কিমি।

32. পৃথিবীর গোলাকার উপরিপৃষ্ঠের ক্ষেত্রফল প্রায়—
(ক) 50 কোটি 98 লক্ষ বর্গ কিমি
(খ) 70 লক্ষ বর্গ কিমি
(গ) 99 কোটি 19 লক্ষ বর্গ কিমি
(ঘ) এর কোনোটিই নয়
(ক) 50 কোটি 98 লক্ষ বর্গ কিমি
পৃথিবীর গোলাকার উপরিপৃষ্ঠের ক্ষেত্রফল প্রায় 50 কোটি 98 লক্ষ বর্গ কিমি।

33. পৃথিবীর গড় ঘনত্ব কত?
(ক) 5.5 g/cm^3 (খ) 5.6 g/cm^4
(গ) 5.5 g/cm (ঘ) 5.6 g
(ক) 5.5 g/cm^3
পৃথিবীর গড় ঘনত্ব 5.5 g/cm^3 ।

34. পৃথিবীর ভূ-কেন্দ্রের উয়্নতা প্রায়—
(ক) 5000° C (খ) 3000° C
(গ) 4500° C (ঘ) 6000° C
(ঘ) 6000° C
পৃথিবীর ভূ-কেন্দ্রের উয়্নতা 6000° C।

35. সূর্য থেকে পৃথিবীর গড় দূরত্ব কত?
(ক) 15 কোটি কিমি
(খ) 14 কোটি কিমি
(গ) 14 কোটি 30 লক্ষ কিমি
(ঘ) এর কোনোটিই নয়
(ক) 15 কোটি কিমি
সূর্য থেকে পৃথিবীর গড় দূরত্ব 15 কোটি কিমি।

36. পৃথিবী কত কিমি বেগে সূর্যকে প্রদক্ষিণ করে?
(ক) 30 কিমি/সেকেণ্ড
(খ) 150 কিমি/সেকেণ্ড
(গ) 45 কিমি/সেকেণ্ড
(ঘ) 40 কিমি/সেকেণ্ড
(ক) 30 কিমি/সেকেণ্ড
পৃথিবী 30 কিমি/সেকেণ্ড বেগে সূর্যকে প্রদক্ষিণ করে।

37. এরাটোসথেনিস কোন্ দিনে সূর্যরশ্মির পতন কোণের ভিত্তিতে পৃথিবীর পরিধি নির্ণয় করেন?

(ক) মকর সংক্রান্তি (খ) কর্কট সংক্রান্তি

(গ) জলবিষুব (ঘ) মহাবিষুব

এরাটোসথেনিস কর্কট সংক্রান্তির দিনে সূর্যরশ্মির পতন কোণের ভিত্তিতে পৃথিবীর পরিধি নির্ণয় করেন।

38. সিন ও আলেকজান্দ্রিয়া নগর দুটি অবস্থিত—

(ক) টেমস নদীর তীরে

(খ) সিন নদীর তীরে

(গ) নীল নদীর তীরে

(ঘ) কাম্বেসি নদীর তীরে

(গ) নীল নদীর তীরে

সিন ও আলেকজান্দ্রিয়া নগর দুটি অবস্থিত নীল নদীর তীরে।

39. পৃথিবীর পরিধি কত স্টেডিয়া—

(ক) 2500 (খ) 250000

(গ) 15000 (ঘ) 250

(খ) 250000

পৃথিবীর পরিধি 250000 স্টেডিয়া।

40. মহাকাশ-সংক্রান্ত বিজ্ঞান হল—

(ক) রাষ্ট্রবিজ্ঞান (খ) জ্যোতির্বিজ্ঞান

(গ) জ্যোতিষশাস্ত্র (ঘ) ধনবিজ্ঞান

(খ) জ্যোতির্বিজ্ঞান

মহাকাশ-সংক্রান্ত বিজ্ঞান হল জ্যোতির্বিজ্ঞান।

অতি সংক্ষিপ্ত প্রশ্নোত্তর — মান-১

A. নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ বা অশুদ্ধ লেখো:-

1. উপকূল থেকে জাহাজ পর্যবেক্ষণ পৃথিবীর অভিগোলাকৃতির স্বপক্ষে প্রমাণ। **অশুদ্ধ**
2. বেডফোর্ড লেভেলের পরীক্ষার তিনটি খুঁটি বিভিন্ন উচ্চতায় অবস্থান করে। **অশুদ্ধ**
3. পৃথিবী সমতল হলে যে-কোনো উচ্চতায় দিগন্তরেখাকে একই দূরত্বে দেখা যেত। **শুদ্ধ**
4. মাধ্যাকর্ষণ বলে হ্রাস-বৃদ্ধি ঘড়ির দোলনকালকে প্রভাবিত করে। **শুদ্ধ**
5. আবর্তন গতির ফলে কেন্দ্রমুখী বল পৃথিবীর মধ্যভাগ স্ফীত করে। **অশুদ্ধ**
6. সৌরজগতের অন্যান্য গ্রহ অপেক্ষা পৃথিবীর ঘনত্ব বেশি। **শুদ্ধ**
7. বামন গ্রহ উদ্স্থৈতিক ভারসাম্য বজায় রাখতে পারে না। **অশুদ্ধ**
8. বৃহত্তম অন্তঃস্থ গ্রহ হল মঙ্গল। **শুদ্ধ**
9. পার্থিব অবস্থান নির্ণয় পদ্ধতি শুধুমাত্র অবস্থান নির্ণয় করে। **অশুদ্ধ**
10. জরিপ কাজে ও মানচিত্র প্রস্তুতিতে GPS ব্যবহৃত হয়। **অশুদ্ধ**

B. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো।

1. চন্দ্রগ্রহণের সময় চাঁদের ওপর ________ গোলাকার ছায়া পড়ে। উঃ-পৃথিবীর
2. পৃথিবী ________ হলে সব স্থানেই ধ্রুবতারার কৌণিক মান একই হত। উঃ- সমতল
3. আকাশ ও ভূমিভাগের কাল্পনিক রেখাকে ________ বলে। উঃ- দিগন্ত রেখা
4. ৪ উপকূলের দিকে এগিয়ে আসা জাহাজের সবচেয়ে ________ অংশ আগে দৃশ্যমান হয়। উঃ- সর্বোচ্চ
5. পৃথিবীর অভিগোলাকৃতির জন্য নিরক্ষীয় ও মেরু অঞ্চলের ________ ভিন্ন হয়। উঃ- ব্যাস
6. পৃথিবীর মাধ্যাকর্ষণ বলের তারতম্যের জন্য বিভিন্ন স্থানে কোনোবস্তুর ________ ভিন্নতা হয়। উঃ- ওজনের
7. এবড়ো-খেবড়ো গোলাকৃতি পৃথিবীর আকৃতিকে ________ বলে। উঃ- জিয়ড
8. এরাটোস্থেনিস প্রথম প্রায় নির্ভুলভাবে পৃথিবীর ________ নির্ণয় করে। উঃ- পরিধি
9. ________ বিকাশ ও বৃদ্ধির জন্য সূর্য ও পৃথিবীর দূরত্বকে কাম্য-দূরত্ব বলা হয়। উঃ- জীবনের
10. GPS পদ্ধতির মাধ্যমে ভূপৃষ্ঠের কোনো-স্থানের উচ্চতা, সময় ও ________ নির্ণয় করেন। উঃ- দূরত্ব

C. নিচের প্রশ্নগুলি দু-এক কথায় উত্তর দাও।

1. 'Earth' শব্দটি কোন্ শব্দ থেকে এসেছে?

Earth শব্দটি ইরেডে (Erde) থেকে এসেছে।

2. পৃথিবীর নিরক্ষীয় ব্যাস ও মেরু ব্যাসের মধ্যে পার্থক্য কত?

পৃথিবীর নিরক্ষীয় ব্যাস ও মেরু ব্যাসের মধ্যে পার্থক্য হল 43 কিমি বা 27 মাইল।

3. পৃথিবীর কেন্দ্র থেকে ভূপৃষ্ঠের সংযোগকারী রেখার বর্ধিত অংশকে কী বলা হয়?

পৃথিবীর কেন্দ্র থেকে ভূপৃষ্ঠের সংযোগকারী রেখার

বর্ধিত অংশকে বলা হয় উল্লম্বরেখা বা Vertical Line।

4. 'Planet' শব্দটি কোন্ শব্দ থেকে উৎপন্ন?

Planet শব্দটি Aster planets শব্দ থেকে উৎপন্ন।

5. নিরক্ষ রেখা থেকে ধ্রুবতারাকে কোন্ মেরুতে দেখা যায়?

নিরক্ষ রেখা থেকে ধ্রবতারাকে উত্তর মেরুতে দেখা যায়।

6. কুমেরুর মাথায় কোন্ নক্ষত্র দেখা যায়?

কুমেরুর মাথায় হ্যাডলির অক্ট্যান্ট নামক নক্ষত্র দেখা যায়।

7. GEOID কথার অর্থ কী?

'GEOID' কথার অর্থ পৃথিবীর আকৃতি পৃথিবীসদৃশ।

8. সর্বপ্রথম 'Geoid' শব্দটি কোন্ বিজ্ঞানী ব্যবহার করেন?

সর্বপ্রথম 'Geoid' শব্দটি ব্যবহার করেন বিজ্ঞানী জোহান বেনডিক্ট লিসটিং।

9. 1 অ্যাস্ট্রোনমিক্যাল একক = কত কিমি?

1 অ্যাস্ট্রোনমিক্যাল একক = 14.96 কোটি কিমি।

10. মঙ্গলকে 'লালগ্রহ' বলা হয় কেন?

মঙ্গলকে লালগ্রহ বলা হয় কারণ, মঙ্গলের মাটিতে লোহার পরিমাণ বেশি আছে।

11. মঙ্গলের দুটি উপগ্রহের নাম কী কী?

মঙ্গলের দুটি উপগ্রহের নাম হল ডাইমম ও ফোবস্।

12. কোন্ গ্রহটির আপেক্ষিক ভর সবচেয়ে কম?

বুধ-এর আপেক্ষিক ভর সবচেয়ে কম।

13. গ্রহের চূর্ণবিচূর্ণ অবস্থাকে কী বলা হয়?

গ্রহের চূর্ণবিচূর্ণ অবস্থাকে গ্রহাণু বা Asteroids বলা হয়।

14. পৃথিবীর ওজন কে নির্ণয় করেন?

পৃথিবীর ওজন ব্রিটিশ বিজ্ঞানী হেনরি ক্যাভেনডিস্ নির্ণয় করেন।

15. গ্রহ বা নক্ষত্র, গ্রহাণুপুঞ্জ যে শীতল-অন্ধকার শূন্যস্থানে ছড়িয়ে ছিটিয়ে অবস্থান করে তাকে কী বলে?

গ্রহ বা নক্ষত্র, গ্রহাণুপুঞ্জ যে শীতল অন্ধকার শূন্যস্থানে ছড়িয়ে-ছিটিয়ে অবস্থান করে তাকে মহাবিশ্ব বা Universe বলে।

16. সৌরদিনের থেকে নক্ষত্রদিন কত সময় কম?

সৌরদিনের থেকে নক্ষত্রদিনের সময় 3 মিনিট 56 সেকেন্ড কম।

17. সৌরজতের প্রধান জ্যোতিষ্ক কী?

সূর্য।

18. GPS-এর পুরো নাম কী?

GPS-এর পুরো নাম Global Positioning System।

19. GIS-এর পুরো অর্থ কী?

GIS-এর পুরো অর্থ Geographical Information System।

20. পৃথিবীর প্রথম কৃত্রিম উপগ্রহ?

আর্যভট্ট।

D. বামদিকের সঙ্গে ডানদিকের স্তম্ভ মেলাও।

বামদিক	ডানদিক
(i) সমুদ্রের বক্রতল	(a) GPS
(ii) ওজনের ভিন্নতা	(b) জলচক্র
(iii) এবড়ো-খেবড়ো গোলকার পৃথিবী	(c) গোলকার আকৃতি
(iv) পৃথিবীর প্রথম পরিধি নির্ণয়	(d) অভিগত গোলাকৃতি
(v) বামন গ্রহ	(e) জিয়ড
(vi) বহিঃস্থ গ্রহ	(f) এরাটোস্থেনিস
(vii) উষ্ণতার ভারসাম্য	(g) প্লুটো
(viii) কৃত্রিম উপগ্রহ	(h) শনি

উঃ- (i)-(c), (ii)-(d), (iii)-(e), (iv)-(f), (v)-(g), (vi)-(h), (vii)-(b), (viii)-(a)

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর — মান-২

1. অভিগত গোলক কাকে বলে?

কোনো গোলকের পরস্পর বিপরীত দুইপ্রান্ত চাপা বা স্ফীত হলে তাকে অভিগত গোলক বলে। যেমন—পৃথিবীর মধ্যভাগের নিরক্ষীয় অঞ্চল স্ফীত, উত্তর ও দক্ষিণ মেরু অঞ্চল চাপা।



অভিগত গোলক পৃথিবী

2. পৃথিবীর নিরক্ষীয় অঞ্চলে মাধ্যাকর্ষণ বল কম হওয়ার কারণ কী?

➢ ভূ-কেন্দ্র থেকে নিরক্ষ রেখার দূরত্ব বেশি হওয়ার কারণে মাধ্যাকর্ষণ বল সবচেয়ে কম। অপরদিকে উত্তর ও দক্ষিণাংশ চাপা হওয়ায় ভূ-কেন্দ্র থেকে এই অঞ্চলের দূরত্ব কম, সেজন্য মাধ্যাকর্ষণ বলও বেশি।

3. GEOID কী?

➢ গ্রিক শব্দ 'Geoeides' থেকে 'Geoid' কথাটির উৎপত্তি। 'Geo' কথার অর্থ 'পৃথিবী' এবং 'oidos' কথার অর্থ 'সদৃশ'। অর্থাৎ 'Geoid' কথার অর্থ হল 'পৃথিবী সদৃশ'।

4. ছায়াপথ কী?

➢ **ছায়াপথ**– মহাকাশে নক্ষত্রপুঞ্জ, গ্রহ, উপগ্রহ, ধূলিকণা এবং গ্যাসীয় মেঘপুঞ্জদের সমাবেশে যে উজ্জ্বল বেষ্টনী তৈরি হয় তাকে ছায়াপথ বলে। এগুলির আকৃতি প্যাঁচানো, ডিম্বাকার প্রভৃতি নানা আকৃতির হয়।

উদাহরণ– আকাশগঙ্গা বা মিল্কিওয়ে, অ্যানড্রোমিডা।

5. আকাশগঙ্গা কী?

➢ **আকাশগঙ্গা**-- আকাশগঙ্গা ছায়াপথ মধ্যে সৌরপরিবারের অন্তর্গত সূর্য ও তার গ্রহ ও উপগ্রহগুলি অবস্থিত। আকাশগঙ্গাকে 'Milky way' বলা হয়।

বৈশিষ্ট্য–
- (i) প্রায় 10,000 কোটি নক্ষত্র, গ্যাস ও ধূলিকণা নিয়ে গঠিত।
- (ii) আকাশগঙ্গা ছায়াপথটি সর্পিল বা প্যাঁচানো আকৃতির।
- (iii) খালি চোখে রাতের আকাশে যে তারা দেখা যায়, সবই আকাশগঙ্গা ছায়াপথের অর্ন্তগত।

6. জ্যোতিষ্ক কী?

➢ মহাকাশে জ্যোতি বা আলো বিতরণ করে, সেই সমস্ত অসংখ্য আলোকবিন্দুকে জ্যোতিষ্ক বলা হয়। যেমন– নক্ষত্র, গ্রহ, উপগ্রহ, উল্কা, ধূমকেতু, নীহারিকা প্রভৃতি।

7. নীহারিকা কী?

➢ মহাশূন্যে ছড়িয়ে থাকা হাইড্রোজেন, হিলিয়াম গ্যাস ও ধূলিকণার বিরাট সাদা মেঘকে নীহারিকা বলে। 'নীহার' শব্দের অর্থ 'তুষারকণা'।

8. আলোকবর্ষ কী?

আলোকবর্ষ– মহাশূন্যে বিশাল দূরত্ব মাপার একক হল আলোকবর্ষ। আলোর গতিবেগ 1 সেকেন্ডে প্রায় 2 লক্ষ 99 হাজার কিমি। এই গতিবেগে 1 বছরে আলো যতটা দূরত্ব যায়, তা হল এক আলোকবর্ষ ($9{\cdot}46\times10^{12}$ কিলোমিটার সমান)।

9. মার্কিন যুক্তরাষ্ট্র ও ইউরোপে প্রচলিত GPS পরিষেবার নাম কী?

➢ (i) মার্কিন যুক্তরাষ্ট্রে প্রচলিত GPS ব্যবস্থাটি হল NAVSTAR GPS।
(ii) ইউরোপে প্রচলিত ব্যবস্থাটি হল— GALILEO G.P.S।

10. 'পৃথিবীসম' গ্রহ কাকে বলে?

➢ যে সমস্ত গ্রহের গঠনগত ও উপাদানগত বৈশিষ্ট্যের পৃথিবীর সঙ্গে সাদৃশ্য রয়েছে, তাদের 'পৃথিবীসম' গ্রহ বলে। যেমন— বুধ, শুক্র, মঙ্গল।

11. 'সূর্যসম' গ্রহ কাকে বলে?

➢ সৌরজগতের যে সব গ্রহের গঠনগত ও উপাদানগত বৈশিষ্ট্য সূর্যের মতো তাদের 'সূর্যসম' গ্রহ বলে। যেমন— বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন।

12. অন্তঃস্থ গ্রহ (Interior Planet) কাকে বলে?

➢ যে সব গ্রহ সূর্যের কাছাকাছি অবস্থান করছে এবং আয়তন ছোটো তাদের অন্তঃস্থ গ্রহ বলে।
যেমন— বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল।

13. বহিস্থ গ্রহ (Exterior planet) কী?

➢ যে সব গ্রহ সূর্য থেকে দূরে অবস্থান করছে এবং আয়তনে বড়ো তাদের বহিস্থ গ্রহ বলে।
যেমন— বৃহস্পতি, শনি, ইউরেনাস, নেপচুন।

14. সৌরজগৎ কী?

➢ সূর্যের আকর্ষণে বিভিন্ন গ্রহ, উপগ্রহ, উল্কা, গ্রহাণুপুঞ্জ প্রভৃতি জ্যোতিষ্কসমূহ সূর্যের চতুর্দিকে নির্দিষ্ট পথে, নির্দিষ্ট গতিতে প্রদক্ষিণ করছে। একেই সৌরজগৎ বলে।

15. সৌরজগতের সবচেয়ে বড়ো ও সবচেয়ে ছোটো উপগ্রহের নাম লেখো।

➢ সৌরজগতের সবচেয়ে বড়ো উপগ্রহ হল শনির উপগ্রহ টাইটান ও সবচেয়ে ছোটো উপগ্রহ হল মঙ্গলের উপগ্রহ ডাইমোস।

16. সৌরজগতে কুলীন গ্রহ ও বামন গ্রহের সংখ্যা ক'টি এবং কী কী?

➢ সৌরজগতের কুলীন গ্রহের সংখ্যা 8টি।

যথা— (1) বুধ (2) শুক্র (3) পৃথিবী (4) মঙ্গল (5) বৃহস্পতি (6) শনি (7) ইউরেনাস (8) নেপচুন

সৌরজগতের বামন গ্রহের সংখ্যা 5টি।

যথা— (1) প্লুটো (2) হাউমেয়া (3) ইরিস (4) সেরেস (5) মাকে মাকে।

17. কুলীন গ্রহ কী?

➢ সৌরজগতের যে সব গ্রহ তার কক্ষপথে চলে আসা মহাজাগতিক বস্তুকে সরিয়ে দিতে পারে, তাদের

কুলীন গ্রহ বলে। কুলীন গ্রহের সংখ্যা 8টি। যেমন— বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন।

18. বামন গ্রহ কী?

সৌরজগতের যে সকল গ্রহ গোলাকার কিন্তু তার কক্ষপথে চলে আসা মহাজাগতিক বস্তুকে সরিয়ে দিতে পারে না, তাদের বামন গ্রহ বলে। বামন গ্রহের সংখ্যা 5 টি। যেমন— প্লুটো, এরিস, সেরেস, হাউমেয়া, মাকে মাকে।

19. নীহারিকা কাকে বলে?

মহাশূন্যে ছড়িয়ে থাকা হাইড্রোজেন, হিলিয়াম গ্যাস ও ধূলিকণার সমন্বয়ে গঠিত বিশালাকৃতি সাদা মেঘকে নীহারিকা বা Nebula বলে।

20. উপগ্রহ (Satellite) কী?

যে সমস্ত জ্যোতিষ্ক গ্রহের চারিদিকে একটি নির্দিষ্ট পথে, নির্দিষ্ট গতিতে ঘুরে বেড়ায় তাদের উপগ্রহ বলে। এরা সূর্যের আলোয় আলোকিত হয়, এদের নিজস্ব কোনো আলো ও উত্তাপ নেই। পৃথিবীর উপগ্রহ চাঁদ। তবে সবগ্রহের উপগ্রহ থাকে না। যেমন— বুধ, শুক্র।

21. পৃথিবীকে নীলগ্রহ বলা হয় কেন?

পৃথিবীর প্রায় 70% অঞ্চল জলে ঢাকা। পৃথিবীতে 5টি মহাসাগর অবস্থিত। সেজন্য মহাকাশ থেকে পৃথিবীকে নীল দেখায়। তাই পৃথিবীকে বলা হয় 'নীলগ্রহ'।

22. GPS কী?

GPS-এর পুরো অর্থ Global Positioning System। কৃত্রিম উপগ্রহের মাধ্যমে, উন্নতপ্রযুক্তি ব্যবস্থার মাধ্যমে পৃথিবীর কোনো স্থানের দ্রাঘিমা, অক্ষাংশ, উচ্চতা সম্বন্ধে জানা যায়।

23. GIS কী?

GIS-এর পুরো নাম Geographical Information System। GIS-এর মাধ্যমে পৃথিবীর আকৃতি সম্বন্ধে, অভ্যন্তরীণ গঠনতত্ত্ব, বিভিন্ন তথ্যের বিশ্লেষণধর্মী সাংশ্লেষিক আলোচনা জানা যায়।

24. কুইপার বেল্ট (Kuiper Belt) কী?

প্লুটো থেকে অনেক দূরে সৌরজগতের হিমশীতল প্রান্তটিকে বলে কুইপার বেল্ট।

25. Geodesy কী?

বিজ্ঞানী জোহান বেনডিক্ট লিসটিং প্রথম 'Geoid' শব্দটি ব্যবহার করেন। এই নামানুসারে Geodesy শব্দটি এসেছে।

পৃথিবীর আকৃতির পরিমাপসংক্রান্ত বিজ্ঞানকে Geodesy বলা হয়।

26. সৌরজগৎ-এ পৃথিবীর অবস্থান কোথায়?

পৃথিবী একটি কুলীন গ্রহ।

পৃথিবী সূর্য থেকে দূরত্ব অনুসারে তৃতীয় স্থানে অবস্থিত।

পৃথিবী সূর্য থেকে 15 কোটি কিমি দূরে অবস্থিত।

27. আর্যভট্ট কী?

ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহ আর্যভট্ট।

- ওজন প্রায় 360 কেজি।
- 1975 খ্রিস্টাব্দের 19 এপ্রিল পূর্বতন সোভিয়েত ইউনিয়ন থেকে আর্যভট্টকে উৎক্ষেপণ করা হয়।
- মহাকাশ-সংক্রান্ত পরীক্ষানিরীক্ষার জন্য পাঠানো হয়।

সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক প্রশ্নোত্তর — মান-৩

1. দিগন্ত রেখা কাকে বলে? বৃত্তচাপ কী?

দিগন্ত রেখা— কোনো সুউচ্চ জায়গায় দাঁড়িয়ে চারিদিকে তাকালে মনে হয় ভূমিভাগ ও আকাশ কোনো এক জায়গায় বৃত্তাকারে মিলিত হয়েছে। এই গোলাকার সীমারেখাকেই দিগন্ত রেখা বলে। উঁচু জায়গা থেকে দেখলে দিগন্ত রেখার পরিধি বৃদ্ধি পায়।



বৃত্তচাপ— বৃত্তচাপ হল বৃত্তের পরিধির ক্ষুদ্র অংশ।

2. পৃথিবীর সর্বত্র একই সময়ে সূর্যোদয় ও সূর্যাস্ত হয় না কেন?

পৃথিবী গোলাকার এবং পশ্চিম থেকে পূর্বদিকে আবর্তন করছে। যার ফলে পূর্বদিকের স্থানগুলিতে

আগে সূর্যোদয় ও সূর্যাস্ত হয় এবং পশ্চিমদিকের স্থানগুলিতে সূর্যোদয় ও সূর্যাস্ত পরে হয়। পৃথিবী যদি সমতল হত তাহলে সূর্যোদয় ও সূর্যাস্ত একই সময়ে হত। পৃথিবী গোলাকার আকৃতি বলে এটা সম্ভবপর নয়। পৃথিবী গোলাকার বলে গুজরাট অপেক্ষা অরুণাচল প্রদেশে আগে সূর্যোদয় ও সূর্যাস্ত হয়।

3. বেডফোর্ড লেভেলের পরীক্ষা কীভাবে পৃথিবীর গোলাকার আকৃতির প্রমাণ দেয়?

➢ 1870 খ্রিস্টাব্দে ইংল্যান্ডের বিজ্ঞানী আলফ্রেড রাসেল ওয়ালেস বেডফোর্ড নদীর ওপর 1 কিলোমিটার অন্তর তিনটি সমান দৈর্ঘ্য ও প্রস্থের খুঁটি জলের ওপর সমান দূরত্বে নদীগর্ভে পুঁতে দেন। তারপর নদীর একপ্রান্ত থেকে তিনটি খুঁটির মাথা লক্ষ করলে মনে হয় মাঝের খুঁটিটি সামান্য উঁচু। পৃথিবী সমতল হলে তিনটি খুঁটির মাথা সমান উচ্চতায় থাকত। অর্থাৎ পরীক্ষাটি পৃথিবীর গোলাকার আকৃতিকে প্রমাণ করে।



4. পৃথিবীকে অভিগত গোলক আকৃতি বলা হয় কেন?

➢ বিভিন্ন বিজ্ঞানীদের তথ্য বিশ্লেষণ করে জানা যায়, পৃথিবীর মধ্যভাগের নিরক্ষীয় অঞ্চলটি স্ফীত, উত্তর ও দক্ষিণ মেরু কিছুটা চাপা। সুতরাং এই থেকে বোঝা যায় পৃথিবীর আকৃতি অভিগত গোলকের ন্যায়।

পৃথিবীর নিরক্ষীয় ব্যাসের দৈর্ঘ্য 12,757 কিমি এবং মেরুব্যাসের দৈর্ঘ্য 12,714 কিমি। অর্থাৎ দুই ব্যাসের মধ্যে দৈর্ঘ্যের পার্থক্য 43 কিমি। তাহলে প্রমাণিত পৃথিবীর আকৃতি অভিগোলকের ন্যায়। কারণ পৃথিবী যদি গোলক হত, তাহলে দুটি ব্যাসের দৈর্ঘ্যের পার্থক্য হত না।

পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির টান মেরু অঞ্চলের তুলনায় নিরক্ষীয় অঞ্চলে কম। কারণ মেরু অঞ্চল কেন্দ্রের দিকে চাপা ও নিরক্ষীয় অঞ্চলে বেশি স্ফীত। মেরু অঞ্চলে মাধ্যাকর্ষণ শক্তির প্রভাব বেশি হওয়ায় মেরু অঞ্চলে বস্তুর ওজনও বৃদ্ধি পায়।

5. ঘড়ির সময়ের পার্থক্য কীভাবে পৃথিবী অভিগোলাকৃতি ধারণা প্রমাণ করে?

➢ **ঘড়ির সময়ে পার্থক্য:** 1671 খ্রিস্টাব্দে জ্যঁ রিচার নামের একজন ফরাসি জ্যোতির্বিদ দেখেন তার দোলনযুক্ত ঘড়ি গিয়ানার রাজধানী কেইন দ্বীপ (5° উঃ) নিরক্ষীয় অঞ্চলে অবস্থিত, সেখানে $2\frac{1}{2}$ মিনিট সময় ধীরে চলছে। অথচ একই ঘড়ি প্যারিস (49° উঃ) শহরে একদম সঠিক সময় দিচ্ছে। এই ঘটনার কারণ খুঁজতে গিয়ে তিনি সিদ্ধান্তে উপনীত হন যে নিরক্ষীয় অঞ্চল অপেক্ষা মেরুপ্রদেশ পৃথিবীর কেন্দ্রের নিকটে থাকায় মাধ্যাকর্ষণ বল বেশি। ফলে সেখানে ঘড়ির দোলনকাল বেশি হয়। ঘড়ির গতি বেড়ে গিয়ে সময় বেশি হওয়া পৃথিবীর অভিগত গোলাকৃতি প্রমাণ করে।

6. সৌরপরিবার ও নক্ষত্র কী?

➢ **সৌর পরিবার** -- আকাশগঙ্গা ছায়াপথে সূর্য ও সূর্যকে প্রদক্ষিণকারী গ্রহ ও উপগ্রহগুলিকে একত্রে সৌরপরিবার বলা হয়।

নক্ষত্র– মহাকাশের মধ্যে ভাসমান বিশাল গ্যাসীয় অগ্নিপিণ্ডকে নক্ষত্র বলে। নক্ষত্রদের নিজস্ব আলো ও তাপ আছে। গ্রহ ও উপগ্রহগুলি নক্ষত্রদের আলোয় আলোকিত। এদের নিজস্ব আলো ও তাপ থাকায় এরা মিটমিট করে জ্বলে। আয়তনে এরা অনেক বড়ো। যেমন—সূর্য একটি নক্ষত্র।

7. এরাটোস্থেনিস কীভাবে পৃথিবীর পরিধি নির্ণয় করেন?

➢ গ্রিক পণ্ডিত এরাটোস্থেনিস প্রথম পৃথিবীর আকৃতি পরিমাপের পদ্ধতিটি বিবৃত করেন। খ্রিস্টের জন্মের প্রায় 300 বছর আগে মিশরের আলেকজান্দ্রিয়া ও সিয়েন শহর দুটির ওপর মধ্যাহ্ন সূর্যরশ্মির পতনকোণের তারতম্য বিচার করে প্রায় নির্ভুলভাবে পৃথিবীর পরিধি নির্ণয় করেছিলেন। একই দ্রাঘিমায় অবস্থিত আলেকজান্দ্রিয়া (30°30′উঃ) ও সিয়েন (23°30′ উঃ) শহর দুটির অক্ষাংশ ভিন্ন হয়। 21 জুন অর্থাৎ কর্কটসংক্রান্তির দিনে এরাটোস্থেনিস লক্ষ করেছিলেন, মধ্যাহ্নে সিয়েন ও আলোকজান্দ্রিয়া শহরে সূর্যরশ্মির পতনকোণের পরিমাণ যথাক্রমে 90° ও 82°48′। পতনকোণের পার্থক্য 7°12′ হয়।

তিনি হিসাব করলেন গোলাকার পৃথিবীর কোণের পরিমাণ 360°। সুতরাং, 7°12′ কৌণিক দূরত্ব হল গোলাকার পৃথিবীর $\frac{1}{50}$ ভাগ (360° ÷ 7°12′ = 50′)। সিয়েন ও আলেকজান্দ্রিয়ার রৈখিক দূরত্ব 5000 স্টেডিয়া (1 স্টেডিয়া = 185 মিটার) অনুযায়ী পৃথিবীর পরিধি হল 5000 স্টেডিয়া × 50 = 2,50,000 স্টেডিয়া বা 46,250 কিলোমিটার।



8. জিয়ডের ধারণায় পৃথিবীর আকৃতি চিত্রসহ ব্যাখ্যা করো।

উপগ্রহ চিত্র : কৃত্রিম উপগ্রহ প্রেরিত চিত্র থেকে দেখা গেছে পৃথিবীর শুধুমাত্র দক্ষিণ মেরু 20 মিটার নিচু বা চাপা ও উত্তর মেরু 20 মি. উঁচু। উত্তর গোলার্ধের মধ্য অক্ষাংশ 8 মিটার অবনমিত এবং দক্ষিণ গোলার্ধে মধ্য অক্ষাংশ 8 মিটার স্ফীত। তাই পৃথিবীর আকৃতির সাথে অন্য কোনো বস্তুর আকৃতির মিল না থাকায় পৃথিবীর আকৃতি পৃথিবীর মতোই, অর্থাৎ জিয়ড।



9. ISRO কী?

ISRO– ISRO-এর পুরো নাম 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন'। এই সংস্থা ভারতের মহাকাশ সংক্রান্ত গবেষণা করে।

প্রতিষ্ঠিত– 1969 খ্রিস্টাব্দে 15 আগস্ট।

সদর দফতর– বেঙ্গালুরু।

ISRO কাজ– (i) মহাকাশ-সংক্রান্ত গবেষণা করা। (ii) বিভিন্ন কৃত্রিম উপগ্রহ মহাকাশে প্রেরণ করে তথ্যাবলি সংগ্রহ করা। (iii) আর্যভট্ট, ভাস্কর, রোহিণী, অ্যাপোলো প্রভৃতি কৃত্রিম উপগ্রহ সফলভাবে মহাকাশে প্রেরণ করতে সমর্থ হয়েছে। (iv) টেলিযোগ, বেতার সম্প্রচার, আবহাওয়া পর্যবেক্ষণের উদ্দেশ্যে INSAT সিরিজের উপগ্রহগুলি সাফল্যের সঙ্গে উৎক্ষেপণ করা। (v) পৃথিবীর গতিবিধির ওপর পর্যবেক্ষণ করা।

ইসরোর অধীনে 18টি মহাকাশ গবেষণাকেন্দ্র গড়ে উঠেছে। এর মধ্যে বেঙ্গালুরুতে অবস্থিত 'ইসরো স্যাটেলাইট সেন্টার', তিরুবন্তপুরমে 'বিক্রম সারাভাই স্পেস সেন্টার', শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান স্পেস সেন্টার' উল্লেখযোগ্য।

10. উপগ্রহ ও কৃত্রিম উপগ্রহ কী?

উপগ্রহ– উপগ্রহরা গ্রহের চারিদিকে একটি নির্দিষ্ট পথে, নির্দিষ্ট গতিতে ঘুরে বেড়ায়। এরা সূর্যের আলোয় আলোকিত, এদের নিজস্ব আলো ও তাপ থাকে না। এরা গ্রহ থেকে আয়তনে ছোটো হয়। সৌরজগতে মোট উপগ্রহের সংখ্যা 335টি। পৃথিবীর উপগ্রহ চাঁদ। তবে বুধ ও শুক্রের কোনো উপগ্রহ নেই।

কৃত্রিম উপগ্রহ– যে সমস্ত মনুষ্যসৃষ্ট উপগ্রহ মহাকাশে প্রেরণ করে বিভিন্ন তথ্যাবলি সংগ্রহ করা হয় তাকে কৃত্রিম উপগ্রহ বলে। কৃত্রিম উপগ্রহের মাধ্যমে পৃথিবীর আবহাওয়া-সংক্রান্ত, সম্পদ-সংক্রান্ত তথ্যাবলি সংগ্রহ করা হয়। কৃত্রিম উপগ্রহের মাধ্যমে আবহাওয়ার পূর্বাভাস ও প্রাকৃতিক দুর্যোগের আগাম সর্তকতা ইত্যাদি তথ্য পাওয়া যায়। যেমন– আর্যভট্ট, স্ফুটনিক-1 ইত্যাদি।

ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহ হল আর্যভট্ট।

রচনাধর্মী প্রশ্নোত্তর — মান-৫

1. পৃথিবীর গোলাকার আকৃতির স্বপক্ষে চিত্রসহ প্রমাণ দাও।

ধ্রুবতারাকে পৃথিবীর বিভিন্ন স্থান থেকে বিভিন্ন কোণে দেখা যায়। যেমন—সুমেরু বিন্দুতে 90° কোণে, কর্কটক্রান্তি রেখায় $23\frac{1}{2}$° এবং নিরক্ষ রেখায় 0° কোণে অবস্থান করে। পৃথিবী সমতল হলে সব স্থানেই ধ্রুবতারার কৌণিক মান সমান থাকত। তাই

বিভিন্ন স্থানের কৌণিক মানের তারতম্য পৃথিবীর গোলাকার আকৃতিকেই প্রমাণ করে।



উপকূল থেকে জাহাজ পর্যবেক্ষণ: উপকূলের দিকে এগিয়ে আসা জাহাজের প্রথমে মাস্তুল, তারপর ডেক্ এবং অবশেষে সমগ্র অংশ দৃশ্যমান হয়। যদি পৃথিবী গোলাকার না হয়ে সমতল হত, তবে সম্পূর্ণ জাহাজটিই একসঙ্গে দেখা যেত।

বৃত্তাকার দিগন্ত: ফাঁকা স্থানে দাঁড়ালে মনে হয় আকাশ দূরে মাটিতে মিশেছে। আকাশ মাটিতে মেশার কাল্পনিক বৃত্তাকার রেখাকে দিগন্ত রেখা বলে। পর্বতে ওঠা কিংবা বিমানে করে যাওয়ার বিভিন্ন সময় ওপর থেকে দেখলে মনে হবে বৃত্তাকার দিগন্ত রেখার পরিধি ক্রমশ বাড়ছে। পৃথিবী সমতল হলে যে-কোনো উচ্চতায় দিগন্ত রেখাকে একই দূরত্বে দেখা যেত।



2. পৃথিবীর অভিগত গোলাকার আকৃতির স্বপক্ষে চিত্রসহ প্রমাণ দাও।

অভিগত গোলকরূপে পৃথিবী: পৃথিবীর আকৃতি গোলাকার হলেও উত্তর ও দক্ষিণ মেরুপ্রান্ত সামান্য চাপা এবং মধ্যভাগ অর্থাৎ নিরক্ষীয় অঞ্চল সামান্য স্ফীত হওয়ায় পৃথিবীকে অভিগত গোলক বা পরিগোলক বলা যায়।



পৃথিবীর অভিগত গোলক আকৃতির প্রমাণ:

পৃথিবীর নিরক্ষীয় ব্যাস ও মেরু ব্যাসের পার্থক্য: পৃথিবীর নিরক্ষীয় ব্যাস হল 12,757 কিমি আর মেরু ব্যাস হল 12,714 কিমি। যদি পৃথিবী একটা সম্পূর্ণ গোলক হত বিভিন্ন দিকে ব্যাস সমান হত। অর্থাৎ পৃথিবীর নিরক্ষীয় ও দুই মেরু অঞ্চলের ব্যাসের ভিন্নতা। পৃথিবীর অভিগত গোলাকার আকৃতি প্রমাণ করে।

ঘড়ির সময়ে পার্থক্য: 1671 খ্রিস্টাব্দে জ্যঁ রিচার নামের একজন ফরাসি জ্যোতির্বিদ দেখেন তার দোলনযুক্ত ঘড়ি গিয়ানার রাজধানী কেইন দ্বীপ (5° উঃ) নিরক্ষীয় অঞ্চলে অবস্থিত, সেখানে $2\frac{1}{2}$ মিনিট সময় ধীরে চলছে। অথচ একই ঘড়ি প্যারিস (49° উঃ) শহরে একদম সঠিক সময় দিচ্ছে। এই ঘটনার কারণ খুঁজতে গিয়ে তিনি সিদ্ধান্তে উপনীত হন নিরক্ষীয় অঞ্চল অপেক্ষা মেরুপ্রদেশ পৃথিবীর কেন্দ্রের নিকটে থাকায় মাধ্যাকর্ষণ বল বেশি। ফলে সেখানে ঘড়ির দোলনকাল বেশি হয়। ঘড়ির গতি বেড়ে গিয়ে সময় বেশি হওয়া পৃথিবীর অভিগত গোলাকৃতি প্রমাণিত হয়।

আবর্তন গতি: পৃথিবী তার নিজের অক্ষের চারদিকে অনবরত আবর্তনকে আবর্তন গতি বলে। গতিবিদ্যার নিয়ম অনুযায়ী কোনো নমনীয় গোলাকার বস্তু যদি তার অক্ষের চারিদিকে অনবরত ঘুরলে কেন্দ্রমুখী বলের প্রভাবে ওপর ও নিচ সংকুচিত হয় এবং কেন্দ্রবহির্মুখী বলের প্রভাবে মধ্যভাগ হয় স্ফীত। তাই পৃথিবীর আবর্তন গতি পৃথিবীর অভিগত গোলকাকৃতি ধারণাকে প্রমাণ করে।

3. সৌর পরিবারের অন্তঃস্থ গ্রহগুলির সম্পর্কে লেখো।

যে সমস্ত গ্রহ সূর্যের কাছে অবস্থিত এবং আয়তনে ছোটো তাদের অন্তঃস্থ গ্রহ বলে। যেমন—বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল। নিম্নে এইগুলি সম্পর্কে আলোচনা করা হল—

⊙ বুধ
- a **সূর্য থেকে দূরত্ব**— 5.8 কোটি কিমি
- b **পরিক্রমণের সময়**— 88 দিন
- c **আর্বতনের সময়**— 58 দিন 17 ঘণ্টা
- d **গঠন**— ধূসর বর্ণের
- e **বৈশিষ্ট্য**— সৌর পরিবারের আটটি গ্রহের মধ্যে ক্ষুদ্রতম গ্রহ। উপগ্রহ অনুপস্থিত। সূর্যের নিকটতম গ্রহ।

⊙ শুক্র
- a **সূর্য থেকে দূরত্ব**— 10.7 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**— 225 দিন।
- c **আর্বতনের সময়**— 243 দিন।
- d **গঠন**— শুধুমাত্র CO_2 বর্তমান।
- e **বৈশিষ্ট্য**— উপগ্রহ নেই। সূর্য থেকে দ্বিতীয় স্থানে অবস্থিত।

⊙ পৃথিবী
- a **সূর্য থেকে দূরত্ব**— গড় 15 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**— 365 দিন 5 ঘণ্টা 48 মিনিট 46 সেকেন্ড।
- c **আর্বতনের সময়**— 23 ঘণ্টা 56 মিনিট 4 সেকেন্ড।
- d **গঠন**— কঠিন, তরল ও গ্যাসীয় তিনটি পদার্থ বর্তমান।
- e **বৈশিষ্ট্য**— উপগ্রহ উপস্থিত।
  - নীল উপগ্রহ বলা হয়।
  - পৃথিবীতেই প্রাণের সঞ্চায় ঘটেছে।
  - সূর্য থেকে তৃতীয় স্থানে অবস্থিত।
- f **উপগ্রহ**— চাঁদ

⊙ মঙ্গল
- a **সূর্য থেকে দূরত্ব**— 22.8 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**— 687 দিন।
- c **আবর্তনের সময়**— 24 ঘণ্টা 37 মিনিট।
- d **গঠন**— মৃত্তিকায় লোহার ভাগ বেশি।
- e **বৈশিষ্ট্য**— লোহার ভাগ বেশি বলে লাল গ্রহ বলা হয়।
  - দুটি উপগ্রহ বর্তমান।
  - বায়ুতে N_2-এর পরিমাণ বেশি থাকে।

4. সৌর পরিবারের অন্তর্গত বহিস্থ গ্রহগুলি সম্পর্কে লেখো।

যেসব গ্রহ সূর্য থেকে দূরে অবস্থিত এবং আয়তনে বড়ো হয়, তাদের বহিস্থ গ্রহ বলে।
যেমন— বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন।
নিম্নে এই গ্রহগুলি সম্পর্কে আলোচনা করা হল—

⊙ বৃহস্পতি
- a **সূর্য থেকে দূরত্ব**— 77.8 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**— 12 দিন।
- c **আবর্তনের সময়**— 9 ঘণ্টা 50 মিনিট।
- d **গঠন**— বিষাক্ত গ্যাসীয়তে পূর্ণ।
- e **বৈশিষ্ট্য**— আয়তনে বৃহত্তম গ্রহ।
  - গ্রহদের গুরু বলা হয়।
  - উপগ্রহের সংখ্যা 67। এর মধ্যে বড়ো গ্যানিমিড।

⊙ শনি
- a **সূর্য থেকে দূরত্ব**— 142.7 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**—প্রায় 29 বছর 6 মাস।
- c **আবর্তনের সময়**—প্রায় 10 ঘণ্টা।
- d **গঠন**— জলের থেকেও কম ঘনত্ব কারণ লঘু উপাদান দ্বারা গঠিত।
- e **বৈশিষ্ট্য**— শনি গ্রহে বলয় দেখা যায়।
  - শনি-এর সবচেয়ে বড়ো উপগ্রহ টাইটান।
  - উপগ্রহ সংখ্যা — 53টি।
  - শনিকে সূর্যসম গ্রহও বলে।
  - সূর্য থেকে ষষ্ঠ স্থানে অবস্থিত।

⊙ ইউরেনাস
- a **সূর্য থেকে দূরত্ব**— 287 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**— প্রায় 84 বছর।
- c **আবর্তনের সময়**— প্রায় 17 ঘণ্টা।
- d **গঠন**— মিথেন গ্যাসে পূর্ণ।
- e **বৈশিষ্ট্য**— সূর্য থেকে দূরে অবস্থিত হওয়ায় এটি শীতল গ্রহ।
  - উপগ্রহের সংখ্যা 27টি। গুরুত্বপূর্ণ উপগ্রহ মিরান্ডা।
  - হাইড্রোজেন ও মিথেন গ্যাস উপস্থিত।
  - সূর্য থেকে সপ্তম স্থানে অবস্থিত।

⊙ নেপচুন
- a **সূর্য থেকে দূরত্ব**— 449.7 কোটি কিমি।
- b **পরিক্রমণের সময়**—165 বছর।
- c **আবর্তনের সময়**—প্রায় 84 বছর।
- d **গঠন**— মিথেন ও হিলিয়াম গ্যাসে পূর্ণ।
- e **বৈশিষ্ট্য**— সূর্য থেকে অষ্টম স্থানে অবস্থিত।
  - উপগ্রহের সংখ্যা 13টি। গুরুত্বপূর্ণ উপগ্রহ টাইটন।
  - হাইড্রোজেন, হিলিয়াম, মিথেন গ্যাস উপস্থিত।

5. কুলীন গ্রহ ও বামন গ্রহের পার্থক্য লেখো।

পার্থক্যটি হল—

	বিষয়	কুলীন গ্রহ	বামন গ্রহ
1	মহাজাগতিক বস্তুকণা	কক্ষপথে আসা মহাজাগতিক বস্তু কণা অপসারণ করতে পারে।	কক্ষপথে আসা মহাজাগতিক বস্তু কণা অপসারণ করতে পারে না।
2	সংখ্যা	কুলীন গ্রহের সংখ্যা আটটি।	বামন গ্রহের সংখ্যা পাঁচটি।
3	গ্রহের নাম	বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস, নেপচুন।	প্লুটো, এরিস, সেরেস, প্রভৃতি।
4	আকৃতি	কুলীন গ্রহগুলির আকৃতি গোলাকার।	বামন গ্রহগুলি নিজস্ব কক্ষপথে পরিক্রমণ করার সময় অন্য গ্রহের কক্ষপথে প্রবেশ করে ফেলে।
5	ভর	কুলীন গ্রহগুলির ভর বেশি হয়।	বামন গ্রহগুলির ভর কম হয়।
6	আয়তন	কুলীন গ্রহগুলির আয়তন বামন গ্রহ অপেক্ষা অনেক বেশি।	বামন গ্রহের আয়তন অনেক কম।

6. জিয়ড কী? জিয়ডের বৈশিষ্ট্য লেখো। 2+3

জোহান কার্ল ফ্রেডারিক গাউস (Johann Carl Friedrich Gauss) প্রথম 'জিয়ড' (Geoid)-এর ধারণা দেন। 'Geoid' শব্দটি দুটি গ্রিক শব্দ Geo ও Eidos-এর সমন্বয়। Geo-এর অর্থ পৃথিবী এবং Eidos-এর অর্থ সদৃশ। Geoid কথার অর্থ 'পৃথিবী সদৃশ'। পৃথিবীর আকৃতি সমান্তরাল নয়, এবড়ো-খেবড়ো। পৃথিবীর এই বিশেষ ধরনের আকৃতিকে Geoid বলে।

জিয়ডের বৈশিষ্ট্য— i জিয়ডে অভিকর্ষজ আকর্ষণ সর্বত্র সমান হয়।

ii পৃথিবী কোনো বস্তুর সঙ্গে সদৃশ নয়। পৃথিবীর আকৃতি পৃথিবীর মতো।

iii গড় সমুদ্রপৃষ্ঠকে জিয়ড বলে।

iv জিয়ড একটি কাল্পনিক তল যার আকর্ষণ বল ও মাধ্যাকর্ষণ বল সর্বত্র সমান। উত্তর গোলার্ধে দক্ষিণ গোলার্ধের তুলনায় পদার্থের পরিমাণ বেশি। অন্যদিকে পদার্থের ঘনত্বের তারতম্য হলে অভিকর্ষজ বলের তারতম্য ঘটে। সমান অভিকর্ষজ বল অনুযায়ী যদি একটি রেখা কল্পনা করা হয়, তখন Geoid পৃষ্ঠ দেখতে অনিয়মিত হয়।

7. গ্রহ ও উপগ্রহের মধ্যে পার্থক্য লেখো।

পার্থক্যগুলি হল—

	বিষয়	গ্রহ	উপগ্রহ
1	সংজ্ঞা	যে সমস্ত জ্যোতিষ্ক সূর্য বা অন্যান্য নক্ষত্রের চারিদিকে প্রদক্ষিণ করে, তাকে গ্রহ বলে।	যে সমস্ত জ্যোতিষ্ক গ্রহদের চারিদিকে প্রদক্ষিণ করে, তাকে উপগ্রহ বলে।
2	ভর	গ্রহগুলির ভর উপগ্রহের তুলনায় বেশি।	উপগ্রহগুলির ভর গ্রহের তুলনায় কম।
3	আয়তন	গ্রহগুলির আয়তন বেশি।	উপগ্রহগুলির আয়তন গ্রহের থেকে ছোটো।
4	অস্তিত্ব	উপগ্রহ ছাড়া গ্রহের অস্তিত্ব আছে। যেমন—বুধ গ্রহের কোনো উপগ্রহ নেই।	গ্রহ ছাড়া উপগ্রহের অস্তিত্ব নেই। যেমন—পৃথিবীর উপগ্রহ চাঁদ।
5	উদাহরণ	উদাহরণ— বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল প্রভৃতি।	উদাহরণ— চাঁদ, টাইটান, ডিমোস।

8. অন্তঃস্থ গ্রহ ও বহিস্থ গ্রহের পার্থক্য লেখো।

পার্থক্যগুলি হল—

	বিষয়	অন্তঃস্থ গ্রহ	বহিস্থ গ্রহ
1	সংজ্ঞা	যে সমস্ত গ্রহগুলির সূর্য থেকে দূরত্ব কম, তাদের অন্তঃস্থ গ্রহ বলে।	যে সমস্ত গ্রহগুলির সূর্য থেকে দূরত্ব বেশি, তাদের বহিস্থ গ্রহ বলে।
2	ক্ষেত্রমান	অন্তঃস্থ গ্রহগুলির ক্ষেত্রমান কম হয়।	বহিস্থ গ্রহগুলির ক্ষেত্রমান বেশি হয়।
3	আকৃতি	অন্তঃস্থ গ্রহগুলির আকৃতি ছোটো হয়।	বহিস্থ গ্রহগুলির আকৃতি বড়ো হয়।
4	উষ্ণতা	সূর্যের কাছাকাছি থাকায় উষ্ণতা বেশি হয়।	সূর্যের থেকে দূরে অবস্থিত হওয়া উষ্ণতা কম হয় অর্থাৎ শীতল হয়।
5	উপগ্রহ	অন্তঃস্থ গ্রহগুলির উপগ্রহের সংখ্যা কম।	বহিস্থ গ্রহগুলির উপগ্রহের সংখ্যা বেশি।
6	উদাহরণ	বুধ, শুক্র, পৃথিবী ইত্যাদি।	বৃহস্পতি, শনি ইত্যাদি।

9. গ্রহ ও নক্ষত্রের মধ্যে পার্থক্য লেখো।

পার্থক্যগুলি হল—

	বিষয়	গ্রহ	নক্ষত্র
1	সংজ্ঞা	সূর্যের চারপাশে যে সমস্ত জ্যোতিষ্ক প্রদক্ষিণ করে, তাদের গ্রহ বলে।	মহাকাশে ভাসমান বিশাল গ্যাসীয় অগ্নিপিণ্ডকে নক্ষত্র বলে।
2	আলো ও তাপ	এদের নিজস্ব আলো ও তাপ নেই। নক্ষত্রের আলোয় আলোকিত।	এদের নিজস্ব আলো ও তাপ আছে। এদের আলোয় গ্রহ ও উপগ্রহগুলি আলোকিত।
3	আয়তন	গ্রহগুলি আয়তনে নক্ষত্রের থেকে অনেক ছোটো।	নক্ষত্রগুলি আয়তনে গ্রহের থেকে অনেক বড়ো।
4	গাঠনিক তারতম্য	গ্রহগুলি কঠিন ঘনবস্তু।	নক্ষত্রগুলি গ্যাসীয় আগ্নেয় পিণ্ড।
5	আলোর প্রকৃতি	গ্রহগুলির আলো স্থির।	নক্ষত্রগুলির আলো মিটমিট করে।
6	কক্ষপথ	গ্রহদের কক্ষপথের পরিধি নক্ষত্রের তুলনায় ছোটো।	নক্ষত্রদের কক্ষপথের পরিধি বিশাল।
7	সৃষ্টির সময়	নক্ষত্রের সৃষ্টির পরে গ্রহদের সৃষ্টি হয়।	নক্ষত্রদের আগে সৃষ্টি হয়।

10. সৌরজগতের অন্য গ্রহগুলিতে প্রাণের সঞ্চার হয়নি কেন?

পৃথিবী ছাড়া সৌরজগতের অন্য গ্রহগুলিতে প্রাণের খোঁজ পাওয়া যায়নি।

কারণ—

1. **অপর্যাপ্ত জল**– পৃথিবী ছাড়া অন্য গ্রহগুলিতে সঠিক পরিমাণে পর্যাপ্ত জলের অভাব লক্ষ করা যায়। কিন্তু পৃথিবীতে মানুষের জীবনধারণের জন্য পর্যাপ্ত জল লক্ষ করা যায়।
2. **উষ্ণতা**– পৃথিবী ছাড়া কোনো গ্রহ সঠিক দূরত্বে অবস্থিত নয়। কোনো গ্রহ সূর্যের কাছে আবার কোনো গ্রহ সূর্যের খুব দূরে অবস্থিত, সেজন্য মানুষের বসবাসের সঠিক উত্তাপ বিরাজ করে না।
3. **অভিকর্ষজ বলের প্রভাব**– পৃথিবী ছাড়া কোনো গ্রহেই অভিকর্ষজ বলের প্রভাব সঠিকভাবে উপস্থিত নয়। পৃথিবী ছাড়া অন্যান্য গ্রহে অভিকর্ষজ বলের অসংগতি লক্ষ করা যায়।
4. **বায়ুমণ্ডল ও বিভিন্ন রশ্মির প্রভাব**– পৃথিবী ছাড়া অন্যান্য গ্রহের বায়ুমণ্ডলে অক্সিজেন সঠিক পরিমাণে উপস্থিত নেই, যা মানুষের বেঁচে থাকার পক্ষে প্রতিকূল। এ ছাড়া বিভিন্ন ক্ষতিকারক মহাজাগতিক শক্তি (গামা-রশ্মি, বিটা-রশ্মি, এক্স-রশ্মি) আছড়ে পড়ে যা মানুষের পক্ষে অত্যন্ত ক্ষতিকারক।
5. **অতিক্ষতিকারক গ্যাসের উপস্থিতি**– পৃথিবী ছাড়া অন্যান্য গ্রহে রেডন, কার্বন, নিয়ন, জেনন প্রভৃতি অতি ক্ষতিকারক গ্যাসের উপস্থিতির ফলে প্রাণের সঞ্চার ঘটেনি।

11. মানুষের আবাসস্থল রূপে পৃথিবীর গ্রহণযোগ্যতা আলোচনা করো।

সৌরপরিবারের যে গ্রহে প্রাণের অস্তিত্ব উপস্থিত তা হল পৃথিবী। মানুষ এই গ্রহে তাদের বাসস্থান গড়ে তুলেছে। এর কারণগুলি হল—

i. **উষ্ণতা**– সূর্য থেকে দূরত্বের অনুসারে পৃথিবী তৃতীয় স্থানে অবস্থিত। পৃথিবীর গড় উষ্ণতা 15° সে। যা মানুষের জীবনধারণের জন্য অনুকূল।

ii. **জলের উপস্থিতি**– পৃথিবীর 71% জলভাগ হওয়ায় মানুষের জীবনধারণের জন্য পর্যাপ্ত জল বর্তমান। জীবেদের পক্ষে জল ছাড়া জীবনধারণ করা সম্ভব নয়।

iii. **বায়ুমণ্ডলের উপস্থিতি**– পৃথিবীতেই একমাত্র বায়ুমণ্ডলে O_2 উপস্থিত। CO_2-ও উপস্থিত যা উদ্ভিদের খাদ্য প্রস্তুতি সাহায্য করে। O_2-এর উপস্থিতি মানুষের শ্বসনকার্যে প্রয়োজনীয়। সেজন্য মানুষের বাসস্থান পৃথিবীতে গড়ে উঠেছে।

iv. **মৃত্তিকা উপস্থিতি ও শিলা**– পৃথিবী পৃষ্ঠদেশ বিভিন্ন প্রকার শিলা দ্বারা গঠিত। পৃথিবীতে ভূমিরূপের বৈচিত্র্য দেখা যায়। নদী, হিমবাহ, বায়ু ক্ষয়কার্য, আবহবিকার, পুঞ্জিত ক্ষয়, ক্ষয়ীভবন, সঞ্চয় ইত্যাদি দ্বারা শিলাচূর্ণ এবং জৈব পদার্থের সমন্বয়ে মৃত্তিকা সৃষ্টি হয়। মৃত্তিকার মধ্যে উদ্ভিদের প্রয়োজনীয় পুষ্টি ও ধাতব উপাদান বর্তমান।
শিলামণ্ডলের জন্য পৃথিবীতে কৃষি, শিল্প, পরিবহণ গড়ে উঠেছে।

v. **আন্তঃসম্পর্ক**– পৃথিবীর শিলামণ্ডল, বারিমণ্ডল ও বায়ুমণ্ডলের সমস্ত উদ্ভিদ ও প্রাণীগোষ্ঠীর মধ্যে আন্তঃসম্পর্ক দেখা যায়।

এই সমস্ত কারণের জন্য পৃথিবীতে মানুষের আবাসস্থল গড়ে উঠেছে।

12. GPS-এর ব্যবহার উল্লেখ করো।

GPS-এর পুরো নাম হল Global Positioning System।

GPS-এর ব্যবহার— (i) **দিক নির্দেশ**: জলপথে জাহাজ, স্টিমারে নাবিকদের দিক নির্দেশনের জন্য GPS প্রয়োজনীয়।

(ii) **সামরিক ক্ষেত্রে**: যুদ্ধজাহাজ ও যুদ্ধবিমান পরিচালনার জন্য, সৈন্যদের খোঁজা, উদ্ধার করা, ক্ষেপণাস্ত্র প্রয়োগ করতে GPS ব্যবহার করা হয়।

(iii) **বিপর্যয় মোকাবিলা**: বন্যা, খরা, ভূমিকম্প, দাবানল ইত্যাদি বিপর্যয় মোকাবিলা করার জন্য GPS ব্যবহার করা হয়।

(iv) **মহাকাশ বিজ্ঞান**: মহাকাশ বিজ্ঞানে কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ, উষ্ণতা, কক্ষপথ, দিকনির্দেশ, উপগ্রহের অবতারণ ইত্যাদি দেখার জন্য GPS প্রয়োজনীয়।

(v) **ভৌগোলিক তথ্যবলি**: GPS-এর মাধ্যমে দ্রাঘিমাংশ, অক্ষাংশ, সময়, তথ্য, উচ্চতা ইত্যাদি ভৌগোলিক তথ্যাবলি জানা যায়।

(vi) **জরিপকার্য ও মানচিত্র তৈরিতে**: জরিপকার্য ও মানচিত্র তৈরিতে GPS ব্যবহার করা হয়।

বিশেষ আগ্রহী ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন

1. পৃথিবীর বক্রতার সাথে পৃথিবীর আকৃতির সম্পর্ক ব্যাখ্যা করো।

2. কীভাবে পৃথিবীর বিভিন্নস্থানে কোনো বস্তুর ওজনের তারতম্যতা প্রমাণ করবে?

CHAPTERWISE MOCK TEST

শ্রেণি: নবম

বিষয়: ভূগোল

প্রথম অধ্যায়: গ্রহরূপে পৃথিবী

সময় : 1 ঘণ্টা **পূর্ণমান: 25**

1. সঠিক উত্তরটি নির্বাচন করো:— **1 × 3 = 3**

1.1 ম্যাগেলানের পৃথিবী প্রদক্ষিণ পৃথিবীর আকৃতির ধারণাকে প্রমাণ করে তা হল—
পৃথিবী গোলাকার/পৃথিবী সমতলাকার/পৃথিবী অভিগত গোলাকার/পৃথিবী সদৃশ।

1.2 পৃথিবীর পরিধির চাপের দৈর্ঘ্য সর্বনিম্ন হয়—প্যারিস/ল্যাপল্যান্ড/কলকাতা/কিটো।

1.3 গ্লোবাল পজিশনিং সিস্টেমের প্রধান ব্যবহারটি হল— সময়/উচ্চতা/অবস্থান/আবহাওয়া।

2. নীচের প্রশ্নগুলির নির্দেশমতো উত্তর দাও:— **1 × 12 = 12**

2.1 শূন্যস্থান পূরণ করো।

2.1.1 __________ সময় চাঁদের ওপর পৃথিবীর ছায়া পড়ে।

2.1.2 পৃথিবীর কেন্দ্র থেকে কোনো স্থানের মধ্যেকার দূরত্ব বস্তুর __________ পরিবর্তন করে।

2.1.3 অন্তঃস্থ গ্রহগুলির মধ্যে __________ বৃহত্তম গ্রহ।

2.2 নিম্নলিখিত বাক্যের পাশে 'শুদ্ধ' বা 'অশুদ্ধ' লেখো:—

2.2.1 বামন গ্রহরা কখনোই নিজ কক্ষপথ থেকে সরে যায় না।

2.2.2 কেন্দ্রমুখী শক্তির প্রভাবে পৃথিবীর মধ্যভাগ স্ফীত হয়।

2.2.3 শুক্রকে পৃথিবীর যমজ গ্রহ বলে।

2.3 একটি বা দুটি শব্দে উত্তর দাও:—

2.3.1 পৃথিবীর আকৃতি কি ধরণের হলে সর্বত্র একইসঙ্গে সূর্যোদয় ও সূর্য্যাস্ত হতো?

2.3.2 পৃথিবী বিভিন্ন স্থানে একই দৈর্ঘ্যের পেন্ডুলামযুক্ত ঘড়ির সময়ের পার্থক্যের কারণ কি?

2.3.3 কোন ধরণের গ্রহতে বায়ু তরলাবস্থায় ও জল বরফাবস্থায় আছে?

2.4 বামদিকের সাথে ডানদিকের স্তম্ভ মেলাও:—

বামদিক	ডানদিক
2.4.1 সজীব গ্রহ	1. বৃহস্পতি
2.4.2 শীতলতম গ্রহ	2. মঙ্গল
2.4.3 অন্তঃস্থ গ্রহ	3. পৃথিবী
2.4.4 রাক্ষুসে গ্রহ	4. নেপচুন
	5. ইউরেনাস

3. নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও:— **2 × 2 = 4**

3.1 দিগন্তরেখা কাকে বলে?
অথবা, জাহাজ পর্যবেক্ষণ কীভাবে পৃথিবীর গোলাকার আকৃতি প্রমাণ করে?

3.2 জিয়ড কাকে বলে?
অথবা, জিপিএস-এর দুটি ব্যবহার উল্লেখ করো।

4. নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও:— **3 × 2 = 6**

4.1 বেডফোর্ড লেভেল পরীক্ষাটি ব্যাখ্যা করো।
অথবা, পৃথিবীর ব্যাসের সাহায্যে কিভাবে অভিগত গোলাকৃতি প্রমাণিত হয়।

4.2 নক্ষত্র পর্যবেক্ষণের মাধ্যমে কীভাবে পৃথিবীর অভিগত গোলাকৃতি প্রমাণিত হয়।
অথবা, এরাটোথেনিস কীভাবে পৃথিবীর পরিধি নির্ণয় করেন।

এই অধ্যায়ের প্রশ্নপত্রের উপর পরীক্ষা দিয়ে সেই উত্তরপত্রের ছবি তুলে Learning App-এ আপলোড করে দিলেই ওই প্রশ্নপত্রের Model Answer ছাত্রছাত্রীরা ডাউনলোড করে নিতে পারবে। আরও জানতে Call করো এই নম্বরে— 9903985050